3 Yr. Degree/4 Yr. Honours 3rd Semester Examination, 2024 (CCFUP)

Subject : Bengali

Course: BENG3012 (MAJOR)

11029

(ভাষাতত্ত্ব)

Time: 3 Hours

Full Marks: 60

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। নিম্নলিখিত *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) আদি-মধ্যযুগের বাংলা ভাষার সময়সীমা এবং এই সময়ের বাংলা ভাষার একটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো।

(খ) সমীভবন কাকে বলে দৃষ্টান্তসহ লেখো।

(গ) দ্বিব্যঞ্জন ধ্বনি বলতে কী বোঝো? একটি দ্বিব্যঞ্জন ধ্বনি বিশ্লেষণ করে দেখাও কেন তা দ্বিব্যঞ্জন।

(ঘ) স্বতোমূর্ধন্যীভবন কাকে বলে? উদাহরণ দাও।

(ঙ) সমাক্ষরলোপ কাকে বলে? উদাহরণ দাও।

(চ) বিকৃত > বিকট—এখানে কী ধরনের ধ্বনি পরিবর্তন হল তা বিশ্লেষণ করে দেখাও।

(ছ) সন্ধ্যা > সন্ধে—এটি কোন ধরনের ধ্বনি পরিবর্তন ব্যাখ্যা করো।

(জ) বাংলা শব্দভাণ্ডারে মৌলিক শব্দ বলতে কী বোঝো?

(ঝ) অর্থ সংক্রম কাকে বলে? উদাহরণ দাও।

(ঞ) বাংলা বাক্যের গঠনগত শ্রেণিবিন্যাস করো।

(ট) বিভাষা কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঠ) উদাহরণসহ যৌগিক স্বর বুঝিয়ে দাও।

(ড) নামধাতু কাকে বলে? উদাহরণ দাও।

(ঢ) সাধু ভাষা ও চলিত ভাষার দুটি পার্থক্য লেখো।

(ণ) লোকনিরুক্তি কাকে বলে উদাহরণসহ লেখো।

২। নিম্নলিখিত *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ঝাড়খণ্ডী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) আদর্শ বাক্যের ত্রিসূত্র আলোচনা করো।

(গ) উদাহরণসহ ধ্বনি পরিবর্তনের পাঁচটি কারণ উল্লেখ করো।

(ঘ) অর্থবিস্তার এবং অর্থসংকোচ বিষয়ে টীকা লেখো।

(ঙ) বাংলা শব্দভাণ্ডারের কৃতঋণ শব্দ বিষয়ে আলোচনা করো।

(চ) বাংলা মৌলিক স্বরধ্বনিগুলির উচ্চারণস্থান নিরূপণ করো।

৩। নিম্নলিখিত *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) দৃষ্টান্তসহ প্রাচীন বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) প্রাকৃত ও অপভ্রংশের স্তর বেয়ে কীভাবে বাংলা ভাষার উদ্ভব হল, সেই ইতিহাসটি সংক্ষেপে লেখো।

(গ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

(ঘ) দৃষ্টান্তসহ রাঢ়ী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

---